তাবপর তাহাবা পথে এমনি ঘুবিতে বাহিব হয়। এমনি অলসভাবে ঘুবিয়া বেডাইতে তাহাদেব ভাল লাগে। কেউ কেউ কাদায় ব্যবহাবেব জন্য "ওভাব-সু" পরে—যদিও পথ শুক্‌না থাকে, ছাতি লইয়া ছডিব মত হাতে কবিয়া চলে—বৌদ্র থাকিলেও। প্রত্যেকেবই যে জুতা ও ছাতা আছে তাহা নয় কিন্তু প্রত্যেকেবই মনে বাসনা আছে যে, সে তাহাব প্রতিবেশীব অপেক্ষা অধিকতর শোভন হইবে।

পথে দেখাশোনা হইলে তাহাবা কাবখানা আব যন্ত্রপাতিব কথাই বলাবলি কবে। ফোবম্যানকে লইয়া বেশ দুকথা অসাক্ষাতে বলা-কওয়া চলে। তাহাদেব চিন্তাব সীমানা কাবখানা আব যন্ত্রপাতিকে ছাডাইয়া যায় না। ক্বচিৎ, এবং তাহাও একান্ত আভাসে, তাহাদের সেই প্রতিদিনেব অতিপুবাতন ক্লান্ত কথাব মধ্যে সহসা কোন বন্ধ্যা বাসনাব একটী স্ফুলিঙ্গ হয়ত দেখা দিত। বাডীতে ফিবিয়া তাহারা নিয়মিত ভাবে তাহাদেব স্ত্রীদেব উপব কব্জীব জোর পবীক্ষা কবিত। ছোকরাবা ভাঁটিখানায় স্ফূর্ত্তি জমায়, কারুর বাড়ীতেই হয়ত আড্ডা বসে, বাজনা বাজে, সৌন্দর্য্যের নাম-গন্ধ-শূন্য অশ্লীল গান পূরাদমে চলে, নাচ হয়, শ-কার ব-কাবেব সঙ্গে ভবা 'ভোড্‌কাব' ভাঁড অনবরত ভবা আব খালি হইতে থাকে।

শ্রমে-অবসন্ন-অন্তর তাহাবা অতিক্রত পান করিয়া চলে। প্রত্যেক চুমুকের সঙ্গে প্রত্যেকেব অন্তবে একটা অর্থহীন ব্যাধিগ্রস্ত চাঞ্চল্য জাগে। সে চাঞ্চল্য বাহিরে রূপ লইতে চায়। তাই সামান্য কারণে তাহারা বন্ধুদের সামান্যতম কথার ছল ধরিয়া বিষম ঝগড়াব সৃষ্টি করে। অন্তরের পিঞ্জরে আবদ্ধ সেই বিবক্তিকর চাঞ্চল্য মুক্তি চায়। কলহ ঘন হইয়া উঠে; মত্ত পশুর মত তাহারা আপনাদের

ছোট চোখ দুটীব দৃষ্টি যেখানে গিযা পডিত, মনে হইত গবম লোহাব সিকেব মত সে যাযগা যেন ভেদ কবিয়া চলিযাছে। চোখাচোখি হইলে মনে হইত যেন সম্মুখে এক হিংস্র বন্য জন্তু দাঁডাইযা আছে, চোখে এক আদিম ভয়াল হিংস্র দৃষ্টি এ দৃষ্টি যাহাব, কোন নির্ম্মমতায তাহাব কোনও কুণ্ঠা নাই।

সে খুব অল্প কথাই কহিত, কিন্তু তাহাব সকল কথাব মাত্রা ছিল "পাজী বদমাযেস"। ঐ নামে সে কাবখানাব উপবিওযালাদেব ডাকিত, ঐ নামে সে পুলিশেব লোকদেব গালাগালি দিত। বাডীতে ঐ নামে স্ত্রীকে সম্বোধন কবিত।

তাহাব ছেলে পাভেলেব বযস তখন চোদ্দ। একদিন বাডী ফিবিয়া আসিয়া সহসা ছেলেব চুলেব মুঠী ধবিযা টানিযা তুলিবাব তাহাব বাসনা হইল। মাথায হাত দিতে না দিতেই, পুত্রও গর্জ্জিয়া উঠিল। সামনে একটা হাতুডী পডিয়াছিল, তাহা তুলিয়া লইযা পুত্র রুখিয়া দাঁডাইল।

"খববদাব। আমাব গায়ে হাত দিও না বলছি। অনেক সহ্য কবেছি, আব আমি কিছুতেই সহ্য কববো না।"

পুত্রের দিকে চাহিযা মাইকেল হাসিয়া উঠিল। একটা দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া সে বলিয়া উঠিল, "আচ্ছা পাজী বদমায়েস।"

এই ঘটনার কিছুক্ষণ পরে সে তাহাব স্ত্রীকে ডাকিয়া বলিল, "দেখ্, কাল থেকে আব আমাব কাছে পয়সা চাইবি না, এবাব থেকে তোব ছেলে তোকে বোজগাব কবে খাওয়াবে।"

ভয়কুণ্ঠিত স্ববে নারীটী বলিল, "আব তুমি যা রোজগাব করবে, সব মদ খেয়ে ওডাবে তো?"

কবরের কার্য্য শেষ হইয়া গেলে, যে যাহার ঘরে ফিরিয়া গেল। কিন্তু সেই নিঃস্তব্ধ প্রান্তবে শুধু একটি প্রাণী পড়িয়া রহিল। সদ্য-খোঁড়া মাটীর উপব বসিয়া কুকুবটী মাটীতে মুখ রাখিয়া গন্ধেব মধ্য দিয়া কাহার সন্ধানেব জন্য তখনও বসিযাছিল।

পিতার মৃত্যুব দুই সপ্তাহ পবে একদিন রবিবাব প্যাভেল রীতিমত মাতাল হইয়া বাড়ীতে ফিবিল। কোনও রকমে হামাগুড়ি দিয়া যেখানে বসিয়া তাহাব বাবা আহাব কবিত, ঠিক সেইখানে বসিয়া টেবিলের উপবে জোরে ঘুষি মাবিয়া ঠিক তাহাব বাবা যেমন কবিয়া চীৎকাব করিত তেমনিভাবে চীৎকার কবিয়া বলিয়া উঠিল, "খাবার নিয়ে আয়!"

পুত্রের চীৎকার শুনিয়া মাতা ধীবে ধীবে পুত্রের পাশে গিয়া বসিয়া তাহাকে বুকে টানিযা লইলেন। মাতার এই আদরে পাভেল আরও ক্ষুব্ধ হইয়া উঠিল, এবং মার হাত তাহার ঘাড় হইতে জোরে টানিয়া ফেলিয়া দিয়া বলিয়া উঠিল, "শিগ্‌গির খাবার দে শিগ্‌গির!"

শান্ত স্নেহসিক্ত কণ্ঠে পুত্রেব হাত ধরিয়া মা শুধু বলিলেন, "দুষ্ট ছেলে!"

মার দিকে না চাহিয়াই জড়িত কণ্ঠে পাভেল বলিল, "আমি তামাকও খাব, বাবার পাইপটা আমাকে এনে দে!"

জীবনে এই প্রথম সে মদ খাইয়াছে। তীব্র মদিরা তাহার সর্ব্বদেহকে অবসন্ন করিয়া ফেলিয়াছিল কিন্তু তখনও তাহার চৈতন্য

একদিন সে একটী ছবি আনিয়া দেওয়ালে টাঙ্গাইল। ছবির দিকে চাহিয়া মা দেখিলেন যে, তিনজন লোক ধীর গম্ভীর ভাবে চলিয়াছে, চলিতে চলিতে কি কথা বলিতেছে।

মার বিস্মিত দৃষ্টির উত্তরে পাভেল বলিল, "মৃত্যুর ওপার থেকে যিশু নব-জীবন লাভ করেছেন—"

যিশুর মুখের দিকে চাহিয়া ছবিটী মার ভাল লাগিল। কিন্তু সেই সঙ্গে তাঁহার মনে এক বিরাট ভাবনার উদয় হইল, "একি রকম! যিশুকে যে এত ভালবাসে, সে কেন গির্জ্জায় যায় না একদিনও?"

ক্রমে দেওয়ালে একটার পর একটা করিয়া ছবি ভরিয়া উঠিল। বইএর থাকে খালি যায়গাগুলিও ভরিয়া উঠিল। ইঁট-কাঠের দেয়ালের বেড়া ঘর বলিয়া মনে হইতে লাগিল।

কিন্তু মার মনের আশঙ্কা আর কমিল না। যতদিন যায়, পাভেলের গতিবিধি, হাবভাব তাঁহার নিকট ততই রহস্যময় লাগে এবং তাঁহার অন্তর এক অজানা আশঙ্কায় ততই দুলিয়া দুলিয়া উঠে। এই দুর্জ্ঞেয় রহস্যের কোনও সন্ধান না করিতে পারিয়া মনে মনে তিনি ভাবেন, "আর সকলে কেমন মানুষের মত হাসে খেলে, এ এক কোন্ সন্ন্যাসী, এই বয়সে নির্ব্বাক গম্ভীর!" মাঝে মাঝে মার মনে আর একটা কথা জাগিয়া উঠে, হয়ত সহরে কোনও মেয়ের সঙ্গে পাভেল প্রেমে পড়িয়াছে—

কিন্তু মা ভালরকমই জানিতেন যে প্রেম করিতে অর্থের প্রয়োজন আছে। পাভেল যাহা কিছু উপার্জ্জন করে, সমস্তই তো তাঁহাকে ধরিয়া দেয়। তবে?

এমনি করিয়া দিনের পর দিন চলিয়া যায়। এমনি করিয়া

যেন কে একজন নূতন লোক বসিয়া আছে—তাহাকে ইহার পূর্ব্বে তিনি যেন আর কখনও দেখেন নাই।

"তুই কেন এসব পড়িস্?"

"আমি সত্যকে জান্‌তে চাই!"

পাভেলেব মুখেব দিকে তিনি আবও ভাল করিয়া চাহিলেন। তাহাব চক্ষু হইতে স্থির জ্যোতি বাহিব হইতেছিল। সেই মুখের দিকে চাহিয়া জননীর অন্তর্দৃষ্টি দিয়া তিনি বুঝিলেন যে তাঁহাব পুত্র যেন কোন্ এক রহস্যময় ভয়াল শক্তির নিকট চিবকালের মত আত্মসমর্পণ করিয়াছে।

জীবনে যাহা কিছু ঘটিয়াছে তাহাকে অবশ্যম্ভাবী বলিয়া তিনি স্বীকার কবিয়া আসিয়াছেন। কোন কিছু চিন্তা না করিয়া সেই ভবিতব্যতাব নিকট আত্মসমর্পণ কবাই তিনি জানিতেন। তাই আজও তাঁহাব কোনও কথা জোগাইল না। বেদনার গুরুভার অন্তরে চাপিয়া কাঁদিয়া ফেলিলেন।

"কাঁদছো কেন, মা?"

পুত্রেব প্রশ্ন শুনিয়া মাব মনে হইল, বিদায়ের কালে পুত্র যেন শেষ প্রশ্ন কবিতেছে!

"একবার ভেবে দেখো, কি রকমভাবে তুমি বেঁচে আছ! তোমার আজ চল্লিশ বছর বয়স হলো কিন্তু বলতো একদিনও তুমি বাঁচার মত করে বাঁচতে পেরেছো? বাবা তোমাকে নিয়তই মারতেন—তার কারণ অবশ্য আজ আমি বুঝতে পেরেছি। তাঁর নিজের জীবনে যে সব দুঃসহ অবিচার ও অত্যাচার সইতে হতো, নিরুপায় হয়ে তিনি তোমার উপর তারই প্রতিশোধ নিতেন। তিরিশ বছর ধরে

ক্রমান্বয়ে ভূতের মত খেটে চলে গেছেন। যখন ছেলেবেলায় তিনি কারখানায় ঢোকেন তখন কারখানায় মাত্র দুটো বাড়ী ছিল, আজ সেখানে সাত সাতটা বাড়ী উঠেছে। এমনিই হয়, কল বাড়ে, কারখানা বাড়ে, আব তারই চাকায় তেল জোগাতে মানুষ মরে।”

যৌবনের উদ্দাম উচ্ছ্বাসে বাধাবন্ধহারা ভাবে আপনার সত্য অনুভূতির প্রথম প্রকাশ-আনন্দে পাভেল অন্তরের অন্তঃস্থলে যাহা আসিতেছিল তাহাই আজ বলিয়া চলিতে লাগিল। সে যে বিশেষ করিয়া তাহার মাকে উপলক্ষ্য করিয়া কিছু বলিতেছিল, তাহা নয়, আপনার অন্তরের সদ্যজাত সত্য-উপলব্ধিকেই সে রূপ দিতেছিল।

সহসা মার মুখের দিকে চাহিয়া পাভেল জিজ্ঞাসা করিল, “আচ্ছা, বলতো মা, জীবনে কোনও দিন তুমি এতটুকু আনন্দের স্বাদ পেয়েছ? পেছন দিকে চাইলে কোন আনন্দের স্মৃতি তোমাব মনে পড়ে?”

সমগ্র নারী-জীবনের মধ্যে সর্ব্বপ্রথম এই তিনি শুনিলেন যে তাঁহার জীবন সম্বন্ধে, তাঁহার আনন্দ-নিরানন্দ সম্বন্ধে কেহ প্রশ্ন করিতেছে। অসংলগ্ন অস্পষ্ট ভাবনার মেঘলোকে বহুদিনের তন্দ্রাচ্ছন্ন বেদনার বিদ্যুৎ যেন নড়িয়া উঠিল; বহুদিন-বিস্মৃত কবেকার যৌবনের লাঞ্ছিত জীবনের মূক বিদ্রোহ আজিকার দিনকে ঈষৎ সচকিত করিয়া তুলিল। কতদিন কত প্রতিবেশী রমণীর সঙ্গে তিনি ঘরকন্না, জীবন-মরণ কত কি লইয়া কত গল্প করিয়াছেন—সবাই দুঃখ করিত, কাঁদিত, কিছুই ভাল লাগে না বলিত, কিন্তু কৈ কেহই তো কোন দিন ভাবে নাই, কেন এই দুঃখ, কেন এই কান্না, কেন জীবনে এত জ্বালা?

একদিন বহস্যচ্ছলে মা বলিলেন, "গাঁয়েব মেয়েগুলো তোদেব ওপব ভাবী চটা। তোবা মদ খাস্ না, মারধোব করিস্ না, তবুও বিয়ে কববি না কেন? তোদের মত ছেলে ক'টা মেয়ে পায়? কিন্তু মেয়েগুলোব বাগ, তোবা তাদেব দিকে একবাব ফিবেও দেখিস্ না। ওবা কি বলে জানিস্, আমাদের বাড়ী যে সব মেয়ে আসে, তাদেব নাকি চবিত্র খাবাপ—"

পাভেল গম্ভীব ভাবে বলে, "তা তো হবেই।"

লিটল বাশিয়ান মাব কাছে আগাইয়া আসে। বলে, "কি জান মা? পানাপুকুবে সবই দুর্গন্ধ লাগে। বিয়ে-কবা যে কি জিনিষ মেয়েগুলোকে বুঝিয়ে বলতে পাবো না মা? হাড ক'খানা দেহে আছে, তাতে কি অসোয়াস্তি হচ্ছে তাদেব?"

দীর্ঘশ্বাস ফেলিয়া মা বলেন, "তাবা কি জানে না? তবে তাবা কি কববে? এ ছাড়া আব উপায় কি? আচ্ছা তাদের ডেকে এনে তোবা বোঝাতে পাবিস্ না?"

পাভেল তেমনি গম্ভীব ভাবে উত্তব দেয়, "তাদেব যদি এখানে ডেকে আনি কি হবে জানো? কিছুদিন পবে দেখবে যে-যাব জোড়া বেঁধে চলে গেছে ঘব সংসাব কবতে—"

মাব চিন্তা আব বেশীদূব অগ্রসর হইতে পাবে না। পুত্রের গাম্ভীর্য্য তাঁহার অন্তবকে ব্যথিত কবিয়া তোলে।

একদিন বাত্রি বেলা মা শুইয়া শুনিতেছেন, তাঁহাব ছেলে আব লিটল রাশিয়ান কথা বলিতেছে। লিটল্ রাশিয়ান বলিতেছে, "তুমি তো জানো, আমি নাটাশাকে ভালবাসি—"

"জানি!"

সেই সঙ্গে সঙ্গে গ্রামেব সবাইখানা গুলোয, কাবাখানায কাবখানায় নতুন ধবণেব সব লোক দেখা দিতে লাগিল। তাহাবা লোক ধবিয়া সব প্রশ্ন জিজ্ঞাসা কবে, তাহাদেব চোখ দেখিলে মনে হয যে, সর্ব্বদাই যেন তাহাবা কি খুঁজিযা বেডাইতেছে।

কিন্তু মা জানিতেন এই সমস্তই তাঁহাব ছেলেব কীর্ত্তি। দেখিতেন পাভেলকে ঘিবিযা অনববত একদল লোক ঘুবিয়া বেডায। তাহাতে প্রথম প্রথম মনে সাহস পাইতেন কিন্তু সেই সঙ্গে সঙ্গে যত দিন যায়, ততই এক অনির্দ্দেশ্য ভয় তাঁহাব মনকে পাইয়া বসিতে লাগিল।

একদিন সন্ধ্যাবেলা মেবিয়া বাডী আসিয়া জানাইয়া গেল—আজ সন্ধ্যা বেলা পাভেলদেব বাডী সার্চ্চ হইবে। চলিয়া যাইবাব সময় সে বলিযা গেল, "দেখ আমি কিছু জানিনা, আমি এখানে এসেছিলুম, সেকথাও কেউ যেন না জানে। মনে বেখো, আমি এ বিষয়েব বিন্দু-বিসর্গ কিচ্ছু জানি না।"

কি এক অজানা আতঙ্কে মাব সর্ব্বদেহমন শিহবিয়া উঠিল। ঘবেব মধ্যে স্তূপীকৃত বইএব দিকে চাহিয়া মাব মনে হইতে লাগিল সকল বিপদেব মূল যেন সেই বই গুলোব মধ্যেই আছে। বইগুলি বুকে তুলিয়া কোথায় লুকাইয়া বাখিবেন, তাহাব জন্য সমস্ত বাড়ী ঘুরিয়া বেডাইতে লাগিলেন। কখন পাভেল আব লিটল রাশিয়ান আসিবে।

একটু বিলম্বে দুই বন্ধুতে বাডী ঢুকিতে না ঢুকিতেই মা দৌড়াইয়া গিয়া বলিলেন, জানিস্?

মার আতঙ্কিত মূর্ত্তি দেখিয়া হাসিয়া পাভেল বলিল, "জানি, তোমাব বুঝি ভয় করছে?"

"তুবাব। কিন্তু তাবা নাখোদকা বলে ডাকতো না—তাবা 'মিঃ নাখোদকা বলতো—"

"যে আজ্ঞে, মিঃ নাখোদকা—নিশ্চয়ই মিঃ নাখোদকা—কাবখানায় এই সমস্ত কাগজ বিলি কোন্ বদমায়েসে কবছে বলতে পাবেন ?"

লিটল বাশিয়ান উত্তব দিবাব পূর্ব্বেই নিকোলে বলিযা উঠিল, 'বদমায়েস লোকদেব খবব আমবা বাখি না। এই জীবনে প্রথম আজ বদমায়েস লোকদেব দেখা পেলাম।'

কিছুক্ষণেব জন্য সমস্ত নিস্তব্ধ হইয়া গেল। মাব মুখ ভযে সাদা হইয়া আসিল। ইন্স্পেক্টব হুংকাব দিযা বলিলেন, 'এই কুকুবটাকে বাইবে নিয়ে যা।'

তুজন পুলিশেব লোক আসিয়া টানিতে টানিতে নিকোলেকে বাহিবে লইযা গেল।

খানিকক্ষণ ধবিয়া খোঁজাখুঁজি হইল কিন্তু কিছুই পাওযা গেল না। হাসিয়া ইন্স্পেক্টব বলিলেন, কিছু যে পাওয়া যাবে না, তা আমি জানতাম। বোঝা যাচ্ছে, এখানে একজন ঘাগী লোক নিশ্চয়ই আছে—

লিটল বাশিয়ানেব কাছে আসিযা ইন্স্পেক্টব গম্ভীর স্ববে বলিলেন, মিঃ আন্দ্রি অনিসিমভ্ নাখোদকা, আপনাকে গ্রেপ্তাব কবা হল।

'কেন ?'

"হুজুবকে যথাসময়ে তা নিবেদন কবা হবে।" তাবপব পাভেলের মাব দিকে চাহিয়া জিজ্ঞাসা কবিল, 'এই বুড়ী লিখতে পড়তে জানিস্ ?'

হঠাৎ লোকটার দিকে চাহিতেই মার মনে একটা কেমন প্রবল ঘৃণা জাগিয়া উঠিল। সর্ব্বাঙ্গ তাঁহার কাঁপিতে ছিল। তিনি বলিয়া উঠিলেন, 'অত চেঁচাচ্চ কেন বাছা, জীবনে তুঃখ কষ্ট কি কিছু বোঝ না ?'

' মার দিকে চাহিয়া পাভেল বলিল, চুপ কর মা!

"এ সমস্ত ব্যাপারে মা দাঁত দিয়ে বুকের কথা চেপে রাখতে হয়" লিটল রাশিয়ান বলিয়া উঠিল।

মা যেন কাহারও কথা শুনিতে পাইতেছিলেন না। ইন্স্পেক্টরের নিকট আগাইয়া গিয়া জিজ্ঞাসা কবিলেন, কেন তোমরা এ রকম করে লোকদের ছিনিয়ে নিয়ে যাও?

পুলিস অফিসার ধমকাইয়া উঠিলেন, চুপ কর্ বলছি!

তাবপব একজন পুলিশকে ডাকিয়া বলিলেন, বাইরেব কয়েদীকে ভেতরে নিয়ে আয়!

নিকোলেকে ঘবে আনা হইল।

"মাথা থেকে টুপী নামা—"

"হাত বাঁধা থাকলে কি করে টুপী নামাতে হয় জানি না—"

মা দেখিলেন, একটা কাগজে একে একে সকলে কি সই করিল। উত্তেজনাব প্রথম ঝোঁক মার কাটিয়া গিয়াছিল। উত্তেজনার পরিবর্ত্তে তাঁহার অন্তরে একটা অসহায় শক্তিহীন বেদনা—যাহা বিশ বৎসর ধবিয়া তিনি ভোগ করিয়া আসিয়াছেন—শুধু দিন কতকের জন্য যাহা ভুলিয়া গিয়াছিলেন, আবাব তাহা তাঁহার সমস্ত চিত্তকে অবসন্ন করিয়া তুলিল। তিনি কাঁদিয়া ফেলিলেন—এ তিক্ত লবণাক্ত জলের সঙ্গে তাঁহার বিশ বৎসরের পরিচয়।

তাঁহাকে কাঁদিতে দেখিয়া পুলিস অফিসার হাসিয়া বলিলেন, বড় আগে থাকতে কাঁদছিস্ বুড়ী! সব কান্না এখনি শেষ করে ফেললে কি হবে?

দেখিলেন। একান্ত শান্ত সংযত কণ্ঠে শুধু একবার তিনি জিজ্ঞাসা করিলেন, সঙ্গে কিছু চাই ?

পুত্র স্থির ভাবে বলিল, না !

প্রত্যুত্তরে শুধু বলিলেন, সবার উপরে যিনি, তিনি রইলেন তোর সঙ্গে !

শূন্য অন্ধকার ঘরে একলা মা কাঁদিয়া ফেলিলেন। আপনার মনে কতক্ষণ যে তিনি কাঁদিয়াছেন, তাহা তিনি জানেন না। সেই শূন্য অন্ধকাবে, সেই অবিরাম অশ্রুধারায়, মাব মনে আজ স্পষ্ট জাগিয়া উঠিল, কত অসহায়, কত দুর্ব্বল তিনি! আপনার অসহায়তাব কথা যত ভাবেন, ততই তাঁহার চক্ষুব সম্মুখে ফুটিয়া উঠে, পুলিশের লোকগুলোর চেহারা। সত্যকে জানিতে চায় এই অপরাধে যাহারা তাঁহাব নিকট হইতে তাঁহার পুত্রকে ছিনাইয়া লইয়া গেল তাহাদেব বিরুদ্ধে একটা তীব্র আক্রোশ এবং ঘৃণা ধীরে ধীরে গুটীর সূতার মত মার মনের সঙ্গে জড়াইয়া যাইতেছিল।

রাত্রিশেষে তখন বাহিরে বর্ষা নামিয়াছে। বর্ষার জলধারার শব্দে মার মনে হইতেছিল, বাড়ীর চারিদিকে যেন কাহারা ঘুরিয়া বেড়াইতেছে, অতি কুৎসিত তাহাদের মুখ—মুখে যেন চক্ষু নাই !

কখনও আপনার মনে বলিয়া উঠেন—আমাকেও কেন তারা ধরে নিয়ে গেল না ?

বাহিরে রাত্রিশেষে বর্ষার কর্দ্দমাক্ত পথে আর একদিনের প্রভাত নামিয়া আসিতেছিল। সহসা কারখানার বাঁশী বাজিয়া উঠিল। বাহিরে আবার পদশব্দ হইল। মা উঠিয়া বসিলেন।

যাচ্ছে যে পাভেলই এই সমস্ত বই বিলি করতো। এবং তারা যখন এটা বুঝতে পারবে তখন জ্যান্ত ওদের ধরে ধরে খাবে।"

পাভেলের নির্য্যাতনের আশঙ্কায় মার বুক শুকাইয়া আসিল। বলিলেন, "তবে, তবে কি হবে?"

সামোলভ বলিল, "সেই জন্যেই তো আমরা এসেছি। এখন আমাদেব সমস্যা হচ্ছে যে, আমাদের কাজ বন্ধ করা একদম চলবে না। কাবখানায় ঠিক আগেকাব মত আমাদের বই বিলি করতেই হবে। তাতে আমাদের কাজও এগোবে, জেলে তারাও পুলিশের নির্য্যাতনের হাত থেকে বাঁচবে।"

আইভানোভিচ বলিল, "কিন্তু এই কাজের ভার নেবে এমন একজন লোকও বাইবে নেই। হাতে আমাদের বেশ ভাল ভাল বই তো আছে। তাব দায়িত্ব আমি নিজে নিতে পারি কিন্তু আসল সমস্যা হচ্ছে যে কারখানার ভেতরে কেমন করে সেগুলো গোপনে বিলি করা যায়! আজকাল আবার কারখানায় কড়াকড়ি নিয়ম হয়েছে—গেটে সকলকে আগে সার্চ্চ করে তবে ঢুকতে দেয়।"

তাহাদের কথাবার্ত্তা শুনিয়া মা স্পষ্টই বুঝিলেন যে তাঁহাকে দিয়াই কোনও কাজ ইহারা করাইয়া লইতে চাহিতেছে। যদি পুত্রের কোনও কাজে বা উপকারে নিজেকে লাগান যায়, সেই সম্ভাবনার আশায় মার মনে কোথা হইতে এক নূতন শক্তি দেখা দিল। বলিলেন, তাহলে, এখন আমরা কি করতে পারি?

সামোলভ উত্তরে বলিল, "মেরিয়ানা বলে একটা খাবার ফিরিওয়ালী আছে, আপনি তাকে চেনেন?"

"চিনি। কিন্তু তাকে দিয়ে—"

এমনি করিয়া ছাড়িয়া দেওয়া হইল। এবং সেই সঙ্গে রাগ হইল আইভানোভিচের উপর। বলিলেন,

"তোমার উচিত ছিল ওব সঙ্গে যাওয়া!"

"অসম্ভব! কাল সকালে এখানে আমাকে পর্ব্বত-প্রমাণ কাজ কবতে হবে। সকাল থেকে এই হাঁপানি নিয়ে ঘুরতে ঘুবতেই প্রাণ যাবে।"

আইভানোভিচেব কথা যেন মা ভাল করিয়া শুনিতে পাইলেন না। তিনি তখন শাশাঙ্কার কথাই ভাবিতেছিলেন।

আপনার মনেই বলিয়া উঠিলেন, কি সুন্দর মেয়ে! কিন্তু মনে মনে তাঁহাব ভয়ানক অভিমান হইতেছিল যখন ভাবিতে-ছিলেন যে, পুত্রের যে-সংবাদে তিনি সকলেব চেয়ে সন্তুষ্ট হইতেন, সেই সংবাদ পুত্র ছাড়া আর একজনের কাছে শুনিতে হইল।

মার অবস্থা বুঝিয়া আইভানোভিচ বলিল, "সত্যিই বড় ভালো মেয়ে। আমি বুঝতে পাবছি তার জন্যে আপনার মনে কষ্ট হচ্ছে। কিন্তু এই হতভাগ্য বিপ্লবীদেব সকলের জন্যে যদি আপনি এমনি করে দুঃখ করেন—তাহলে মা, একটা হৃদয়ে কুলোবে না। যাক্, এখন কাজের কথা আরম্ভ করা যাক্।"

কেমন করিয়া মা কারখানায় বই লইয়া যাইবেন, সেখানে কাহার কাছে কি ভাবে বইগুলো দিবেন, পুঙ্খানুপুঙ্খরূপে মাকে তাহা বুঝাইতে লাগিলেন। এত পরিষ্কাবভাবে সমস্ত ব্যাপারটা সে মাকে বুঝাইয়া দিল যে মা লোকটার বুদ্ধিবৃত্তি দেখিয়া অবাক হইলেন।

সকাল বেলা চলিয়া আসিবার সময় আইভানোভিচ জিজ্ঞাসা করিল, "আচ্ছা, ধরুন, পুলিশের লোক যদি জানতে পেরে আপনাকে

দয়ার ওপর বেঁচে আছে। ধরো, নিকোলয় আইভানোভিচ মাসে পঁচাত্তর রুবেল উপায় করে, কিন্তু তার মধ্যে থেকে আমাদের পঞ্চাশ রুবেল দেয়। আরও অনেকে এইরকম করে আমাদের দলটাকে কোনও বকমে বাঁচিয়ে রেখেছে। দরিদ্র ছাত্ররা না খেয়ে দিনের পব দিন পয়সা জমিয়ে আমাদের কিছু কিছু পাঠায়। মাঝে মাঝে প্রভুদের কাছ থেকেও স্থবিধে পেলেই সাহায্য নিতে হয়। আমাদের উপরিওয়ালাদের মধ্যেও আবার অনেক শ্রেণীবিভাগ আছে। তাদের মধ্যে কেউ কেউ আমাদের দিয়ে তাদেরই কাজ পবোক্ষভাবে গুছিয়ে নেবার চেষ্টায় যে না আছেন, তা নয়! কেউ কেউ আবাব আমাদের ফাঁদে ফেলবার চেষ্টায় আছেন। কিন্তু আমার বিশ্বাস যে, তাদের মধ্যে কেউ কেউ এমনও আছে, যাবা শেষ পর্য্যন্ত আমাদের সঙ্গে চলবে।"

লিটল রাশিয়ানের সহজ ও প্রাণভরা কথা মার শুনিতে বড় ভাল লাগিত। তাহার কথা শুনিলেই মার বিশ্বাস হইত যে নিশ্চয়ই অদূর ভবিষ্যতে কোনও. কল্যাণ তাহাদের জন্য অপেক্ষা করিতেছে এবং সমস্তই নির্দ্ধারিত পথে চলিয়াছে।

লিটল রাশিয়ান আপনার আবেগে বলিয়া চলিল, "কি জানো মা, মাঝে মাঝে মনে এক একটা অদ্ভুতঃভাব আসে। মনে হয় যে, এই বিশ্বশুদ্ধ লোককে আঁকড়ে ধরি। মনে হয়, যত দূরে যাই, যেখানে যাই, সেখানেই আছে অন্তরের মিতা। জগতে যেন সবাই সবার বন্ধু, সবারই অন্তরে একই আলোর শিখা জলছে।— কারুর সঙ্গে কারুর দেখা নেই, কোনও কথার পরিচয় নেই, তবুও মনে হয়, সবাই যেন সবাইকে জানে, বোঝে। দুর্জ্জেয় পাহাড়ের বুক থেকে পরিচয়হীন

ঘোরতর সন্দেহ জাগে—এই মানুষ? দুঃখের বিষয়, মনে আঘাত লাগলেও, এই মানুষকেই করতে হবে অবিশ্বাস, এই মানুষকেই করতে হবে ঘৃণা। ভালবাসতে প্রাণ চায়—কিন্তু ভালবাসবো কাকে? বনের পশুর মত যে মানুষ বারে বারে তোমাকে অপমান করে, তোমাব আত্মাকে অপমান করে, তোমার মানুষের বুকে তুলে দেয় পা, তাকে ক্ষমা কবা যায়? তাকে ক্ষমা কবা উচিত নয়! অপমানকে প্রশ্রয় দেওয়া মহা-পাতক। বিশেষ কিছু ক্ষতি কবলো না, মনে করে—আজ আমি যদি অপমানিত হয়ে কোনও প্রতিকার না কবি, তাহলে কাল সেই অপমানকাবী পরমোৎসাহে আবার আর একজনকে অপমান করবে। এমনি করে অপমানের ধারা বয়েই চলবে—সেই জন্যই মানুষের বিচারে শ্রেণী-বিভাগ এসেই পড়ে—"

তিনবার মা পুত্রের সঙ্গে কাবাগারে দেখা করিবার চেষ্টা করেন কিন্তু তিনবাবই ব্যর্থ মনোরথ হন। অবশেষে একদিন পুত্রের সহিত সাক্ষাৎকারের অনুমতি পাইয়া তিনি জেলখানার দরজায় আসিয়া উপস্থিত হইলেন। দেখিলেন, তাঁহারই মত আরও বহুলোক সমবেত —সবাই বিমর্ষ, বিরক্ত। জেলের প্রহরী একে একে নাম ধরিয়া ডাকিতেছে এবং এক একজন করিয়া গিয়া দেখা করিয়া আসিতেছে। অবশেষে একটী মোটা পুলিশ কর্ম্মচারী আসিয়া মাকে ডাকিয়া জেলের ভিতরে লইয়া গেল।

একটী ক্ষুদ্র আধ-অন্ধকার ঘরে কয়েদীর বেশে পুত্রকে দেখিয়াই মা কেমন বিহ্বল হইয়া পড়িলেন। কথা বলিতে গিয়া সহসা কোনও

সে চলিয়া গেলে মা সভয়ে বলিলেন, "নিকোলেকে দেখলে আমাব কেমন ভয় কবে—ও যেন একটা গবম উনুনের মতো—যা পায় তাই পুড়িয়ে ফেলে—"

গম্ভীবভাবে ঘবেব মধ্যে পায়চাবি কবিতে করিতে লিটল বাশিযান বলে—"ওব সামনে গবমভেব কথা আলোচনা কবা ঠিক নয়—"

সেদিন কাবখানাব ছুটি ছিল। সন্ধ্যাবেলা বাহিব হইতে ঘুবিয়া আসিযা সহসা বাড়ীব মধ্যে একটী অতি পবিচিত কণ্ঠস্বব শুনিয়া মাব চিত্ত আনন্দে নৃত্য কবিয়া উঠিল। দরজা ঠেলিয়া প্রবেশ কবিতেই তিনি শুনিলেন, পাভেল কথা বলিতেছে।

ছুটিয়া ঘবেব মধ্যে প্রবেশ কবিয়া আনন্দোদ্ভাসিত আননে মা পুত্রকে জড়াইয়া ধবিযা বলিয়া উঠিলেন, ওঃ, এতদিনপবে ছুটি পেলি।

মার পাণ্ডুব মুখেব দিকে চাহিয়া পাভেলেব চোখের কোণে সহসা জল দেখা দিল। এতদিন পবে মাতৃ-গর্ব্বে তাহাব সর্ব্ব-দেহ-মন উথলিয়া উঠিতেছিল। কম্পিত-কণ্ঠে সে শুধু বলিল, মাগো, মা আমাব!

এতদিন পবে যেন পুত্র আবাব মাকে ফিরিয়া পাইল, মা যেন এতদিন পরে পুত্রকে হৃদয়-ভবিয়া দেখিল। পুত্রের মাথায় হাত বুলাইতে বুলাইতে মা বলিলেন, "আমি তো তোকে জন্ম দিই নি—তুইই আমাকে জন্ম দিয়েছিস্—আমি আর তোর জন্যে কি করতে পেরেছি বল্?"

জলামাঠের মাঝখানে—বনে, তাহাদেব নিশীথ-সভা বসে; জানিতেন গ্রামেব মধ্যে অশ্বারোহী পুলিশ পাহারায় জাগে, পথে প্রত্যেক মজুবকে ধরিয়া পুলিশেব লোকেবা সার্চ্চ কবিয়া তবে ছাড়িয়া দেয়; সেই সঙ্গে ইহাও জানিতেন যে হয়ত কোন রাত্রিতে তাহাবা দুইজনেও গ্রেফতার হইয়া যাইতে পাবে। মাঝে মাঝে মাব মনে হইত 'পয়লা মে'ব আগে যদি ইহাবা দুইজনে গ্রেফতাব হইয়া যায়, তাহা হইলে হয়ত ভালই হয়।

আশ্চর্য্যেব কথা গবমভেব হত্যাব ব্যাপাব সম্বন্ধে পুলিশ সকল অনুসন্ধানেব চেষ্টা ত্যাগ কবিয়াছে—লোকেও আব সে সম্বন্ধে আলোচনা কবে না। পুলিশ যখন সে ব্যাপাব সম্বন্ধে একেবারে চুপ হইয়া গেল তখন একদিন বিবক্ত হইয়া লিটল বাশিয়ান পাভেলকে বলিল, "দেখলে ব্যাপাব, ওবা যে শুধু আমাদেব মানুষ বলে গণ্য কবে না তা নয়, আমাদেব ওপর যাদের লেলিয়ে দেয়, তাদেবও ওরা তেমনি দেখে। যতই লোকটার কথা আমার মনে হয়, ততই তার জন্যে আমাব দুঃখ হয়—আমি তো তাকে হত্যা করতে চাইনি।"

কঠোব কণ্ঠে পাভেল বলিয়া উঠিল, "হয়েছে, থামো, আন্দ্রি!" সান্ত্বনা দিবাব জন্য মা বলেন, "তোর কি অপরাধ; একটা পচা জিনিষেব সঙ্গে তোব হঠাৎ ধাক্কা লেগে গিয়েছিল—তাতে সে জিনিষটা পড়ে গেছে—পচা ছিল বলেই না?"

"হয়ত তোমাব কথাই সত্যি মা! কিন্তু তবু এ আমার অন্তরের সান্ত্বনা নয়।"

অবশেষে একদিন রাত্রি-শেষে 'পয়লা মে'র প্রথম সূর্য্যকর দ্বারে আসিয়া করাঘাত করিল। প্রভাতে তেমনি কারখানার বাঁশী বাজিয়া উঠিল—দীর্ঘ, কর্কশ, কঠোব! সারারাত্রি মা নিদ্রা যাইতে পারেন নাই। কারখানাব বাঁশী শুনিয়াই বিছানা হইতে উঠিয়া তিনি সামোভারে আগুণ জ্বালাইতে চলিলেন। আগুণ জ্বালাইয়া প্রতিদিনের মত পাভেল আর লিটল বাশিয়ানেব ঘবেব সম্মুখে আসিয়া তাহাদের ডাকিতেই, তাঁহাব মনে পড়িল, আজ পয়লা মে! নির্ব্বাক হইয়া তিনি মুক্ত জানালার নিকটে গিয়া বাহিরের দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিলেন।

রাত্রিশেষের নীলাভ আকাশে প্রথম অরুণ-বাগ-স্পর্শে বঞ্জিত হইয়া বক্তাভ মেঘখণ্ডগুলি দ্রুত ভাসিয়া চলিয়াছিল, যেন যন্ত্রেব ধূমোদ্গাবের ভীষণ ববে ভীত সন্ত্রস্ত হইয়া আকাশচাবী কোন বিহঙ্গমের দল নীড়াভিমুখে ছুটিযা চলিয়াছে। আপনাব মধ্যে আপনি মগ্ন হইয়া মা সেই মেঘের গতির দিকে চাহিয়াছিলেন। একটা আশ্চর্য্য রকমের প্রশান্তি তাঁহাবও অন্তব ভবিয়া বিবাজ কবিতেছিল। হৃদয়েব গতিও সহজ মৃদু ছন্দে বহিতেছিল এবং মনে মনে তিনি এই প্রতিদিনেব জীবনেব সহজ সুখদুঃখের কথাই আপনাব অজ্ঞাতসারে ভাবিতেছিলেন।

দ্বিতীয়বার কারখানার বাঁশী বাজিয়া উঠিল। মার মনে হইল আজ বাঁশীর আহ্বান যেন দীর্ঘতর শোনাইতেছে। এমন সময় শুনিলেন, স্বভাবকোমল কণ্ঠস্বরে *নিদ্রাজড়িতভাবে লিটল রাশিয়ান* পাভেলকে বলিতেছে, "বন্ধু, শুনছো, ঐ ডাকছে।"

বাহির হইতে মা প্রতিদিনের মত জানাইলেন, "আগুণ তৈরী।"

শুনিলেন লিটল বাশিয়ান বলিতেছে, আসি, মা।

বুকেব মধ্যে কে যেন পবম-আশ্বাসে বলিয়া উঠিল, তাবা বেঁচে আছে তাহলে!

কোন ও বকমে তুইটী হাত উর্দ্ধে তুলিয়া তাহাদেব বিদায় সম্ভাষণেব প্রত্যুত্তব দিলেন। তাবপব তাহাদেব শেষবাব দেখিয়া লইবাব জন্য উঠিয়া দাঁড়াইলেন। দেখিলেন, আন্দ্রিব সুগোল মুখখানি তাঁহাব দিকে ফিবিয়াই হাসিতেছে।

মা চীৎকাব কবিয়া কাঁদিয়া উঠিলেন, ওরে এণ্ড্রয়াসা, ওবে পাশা—

অদূবে তাহাবা শেষবাব সহকর্ম্মী বন্ধুদেব নিকট বিদায় লইতেছিল। বলিতেছিল, বিদায়, বন্ধুবা সব, বিদায়!

শুনিলেন বহুমিশ্রিত ভগ্নকণ্ঠে উত্তব ধ্বনিয়া উঠিল, বিদায়, বন্ধু, বিদায়!

সহসা মা শুনিলেন যে একজন সৈন্য রূঢ়ভাবে তাঁহাকে ধাক্কা দিয়া বলিতেছে, সবে যা এখান থেকে মাগি!

আপাদমস্তক তাহাকে পর্য্যবেক্ষণ কবিতেই, মাব দৃষ্টি পড়িল,—সৈন্যটিব পায়েব তলায় পাভেলেব হাতের পতাকার অংশ ভাঙ্গিয়া পড়িয়া আছে। ধীবে নত হইয়া সেই ছিন্ন-পতাকা হইতে একটা লাল টুকবা তুলিয়া লইতেই সৈনিকটী জোরে তাঁহাব হাত হইতে তাহা ছিনাইয়া লইয়া পায়েব তলায় ফেলিয়া ঘসিতে লাগিল।

এমন সময় অদূরে শোনা গেল তুইটী কণ্ঠের মিলিত সঙ্গীত—

"জাগো, হে নিদ্রিত শ্রমিকেব দল!"

সেই সঙ্গীতে অফিসাব ক্ষিপ্ত হইয়া সৈন্যদেব লক্ষ্য করিয়া হুকুম দিলেন, সার্জ্জেণ্ট ক্রোভ, গান থামাও!

কে বলিয়া উঠিল, মুখ বন্ধ করে দাও ওদের!

মা—

একজন অফিসাব মাব দিকে অগ্রসব হইয়া ব্যঙ্গচ্ছলে জিজ্ঞাসা কবিল, আমাব পবম সৌভাগ্য এই নিয়ে তিনবাব আপনাব দবজায় আসতে হলো। কেমন আছেন ?

শুষ্ক জিহ্বা তত্তোধিক শুষ্ক ওষ্ঠে স্পর্শ কবাইযা মা চুপ কবিযা বহিলেন। অফিসাবটী আপনাব মনে উপদেশ-বাণী বর্ষণ কবিতে লাগিল। কিন্তু তাহাব একটী কথাও মাব মনে গিযা পৌছাইতেছিল না—যেন কোথায় ঝিঁঝিঁ পোকা নিবর্থক শব্দ কবিতেছে। একবাব অফিসাবটী বলিযা উঠিল, এ তোমাব নিজেব দোষ। ভগবান আব জাবকে শ্রদ্ধা কবতে তোমাব ছেলেকে তুমি শেখাতে পাব নি—এতো তোমাবি দোষ।

এইবাব মাব মুখ হইতে কথা বাহিব হইল। তিনি আপনাব মনে উদাস ভাবে বলিযা উঠিলেন, সেই পথে একলা তাদেব ছেড়ে দেবাব জন্যে যে শাস্তি সে আমাদেব ছেলেবাই আমাদেব দিচ্ছে। আজকাল তাবাই আমাদের বিচাবক।

কথাগুলি ভাল কবিযা শুনিতে না পাইযা অফিসাবটী হুঙ্কাব দিযা উঠিল, কি বল্লে ? জোবে বল।

দীর্ঘশ্বাস ফেলিযা মা বলিলেন, বলছিলাম, আমাদেব ছেলেবাই আজ আমাদেব শাস্তি-দাতা।

অফিসারটী রাগে তাডাতাডি কি বলিল—কিন্তু মাব কাণে তাহাব একটী বর্ণও গিযা পৌছাইল না।

সাক্ষীব জন্য পুলিশের লোকেবা মেরিযাকে ধবিযা আনিয়াছিল। মাব পাশে চুপটী করিয়া সে দাডাইযাছিল—মাব মুখের দিকে চাহিবার শক্তিও তাহাব ছিল না।

একটা পবিত্যক্ত জনবিবল পথের ধাবে বহুকালেব পুরাণো একটা দোতলা বাড়ীতে একপাশে তিনখানি ঘব লইয়া আইভানোভিচ বাস কবিত। ঘবগুলির সামনে একটি ছোট্ট ফুলেব বাগান। বাগান হইতে নানা রকম গাছেব শাখা খোলা জানালায় ভিড় কবিয়া আসিয়া দাড়াইয়াছে। চাবিদিক নিঃস্তব্ধ। নীববে ঘবেব দেওয়ালে, মেঝেতে গাছেব ছাযাগুলি কাঁপিতেছে। ঘবের মধ্যে দেওযালের সঙ্গে লাগান সেল্‌ফ্-ভরা বই। তাহাব উপরে দেওয়ালের গায়ে গম্ভীব মূর্ত্তি কাহাদেব সমস্ত ছবি টাঙানো বহিয়াছে।

বাগানেব দিকে জানালা-ওয়ালা একটা ছোট্ট ঘবে মাকে লইযা গিয়া আইভানোভিচ জিজ্ঞাসা কবিল, "এ ঘরে আপনার কোনও বিশেষ অসুবিধে হবে না বোধ হয ?"

মা দেখিলেন, এ ঘবেও সেল্‌ফ-ভরা বই। জানালায় ফুলের টবে হাত দিয়া দেখেন, মাটী শুকণো! কতদিন তাহাতে জল দেওয়া হয় নাই।

লজ্জিত হইয়া আইভানোভিচ বলে, ফুল বড় ভালবাসি কিন্তু সময় নেই ওদের দেখবাব!

জীবনে এই প্রথম মা অপরের বাড়ীতে সম্পূর্ণ অজানা জায়গায় বাস করিলেন কিন্তু তিনি নিজে ভাবিয়া আশ্চর্য্য হইলেন যে, আদৌ তাঁহার কোনও অসোয়াস্তি বোধ হইতেছে না। মনে হইতেছে যে, তিনি যেন তাঁহার নিজের ঘরেই আছেন।

ঘরের জিনিষ-পত্রের উপর কাহারও যে কোন দৃষ্টি নাই—মা ঘরে প্রবেশ করিয়াই তাহা বুঝিতে পারিয়াছিলেন। চারিদিক এলোমেলো,

—ও, তার কোনও ভাবনা নেই। কত লোক এমনি পলাতক হয়ে কাজ করছে। এইমাত্র একজনের সঙ্গে দেখা হল তাকে নিরাপদে পাব কবে দিয়ে এলাম। আমার এই সব বড়লোকেব পোষাক যা দেখছেন —এই যে আমাব চালচলন—সবই তৈরী-করা এবং এব আসল উদ্দেশ্য হচ্ছে, কার্য্য-উদ্ধার কবা। তা না হলে মনে করেন, এই সমস্ত পরতে আমার ভাল লাগে? অনাড়ম্বব রূপ নিয়ে মানুষ পৃথিবীতে আসে, অনাড়ম্বরতাই তার একমাত্র রূপ।

বিকাল চারটাব সময় আইভানোভিচ ফিরিয়া আসিল। খাওয়া-দাওয়াব পব সন্ধ্যা-বেলা গল্পচ্ছলে আইভানোভিচ কাজের কথা তুলিল।

—এখন সোফিয়া শোন, তোমার জন্যে একটা নতুন কাজ আছে। বোধহয জানো, গ্রামেব লোকদের জন্যে একটা খবরের কাগজ বার করবাব ভার আমরা নিই। কিন্তু গ্রেফতারের ফলে গ্রামের লোকদের সঙ্গে আমাদের যোগাযোগ ছিন্ন হয়ে গিয়েছে। ইনি একজনের ঠিকানা জানেন। সে কাগজ বিলি করার ভার নেবে। তোমাকে এঁর সঙ্গে গিয়ে শিগ্‌গির একটা বন্দোবস্ত করে আসতে হবে!

—বেশ, তাই হবে! এখান থেকে কতদূর?

—পঞ্চাশ মাইল হবে!

—চমৎকার! আচ্ছা, যাবার আগে তা হলে একটা গান গেয়ে যাই—কি বলুন আপনার আপত্তি নেই তো?

—আমার কথা আপনি ভাববেন না—মনে করুন আমি এখানে উপস্থিত নেই—

—তা হলে আইভানোভিচ শোনো—এটা গ্রীগের তৈরী—তার আগে জানালাটা বন্ধ করে দাও—

পিযানো খুলিয়া সোফিযা প্রথমে সন্তর্পণে বাম হাত দিযা বাজাইতে আবম্ভ করিল। প্রথমে, ঘন রসার্দ্র একটী সুর বাহিব হইল। তাবপর আব একটী সুর গভীব, দীর্ঘ—তাহাব সহিত আসিযা মিশিল। দুইটী সুব আপনাব ভাব সহিতে না পাবিযা যেন কাঁপিযা উঠিল। সহসা দক্ষিণ হাতেব স্পর্শে, এক ঝাঁক পাখীব এক সঙ্গে উডিতে উডিতে গাযে গা লাগার মত একসঙ্গে তেমনি দ্রুত অসংখ্য সুবেব বিহঙ্গম উডিযা চলিল। এবং এই সমস্ত মিলিত সুবেব পিছনে ঝঞ্ঝা-মথিত সমুদ্র-তরঙ্গেব মত একটী আর্ত্ত উন্মাদ শব্দ সারাক্ষণ দুলিতে লাগিল।

কিছুক্ষণ পর্য্যন্ত এই সমস্ত বিচিত্র সুবেব প্রতি একান্ত উদাসীন হইযা মা নীববে বসিযাছিলেন। এ সঙ্গীতেব কিছুই তিনি বুঝিতেন না। তন্দ্রাচ্ছন্ন চোখে তিনি দেখিতেছিলেন, ঘবেব এককোণে পাযেব উপব পা দিয়া তন্মর হইযা আইভানোভিচ বসিযা আছে। একটী পথভ্রান্ত সূর্য্যের আলো কাঁপিতে কাঁপিতে আসিযা সোফিয়াব সোণালী কেশগুচ্ছেব উপর পডিযাছে। সেখান হইতে পাশ কাটাইযা পিযানোব পর্দ্দাব উপর পডিযা সোফিযার অঙ্গুলি স্পর্শে নিত্য স্পন্দমান হইতেছিল। খোলা জানালা দিযা দেখা যাইতেছিল, বাহিরে বাগানে এ্যাকেসিযা গাছেব ডালগুলি অবিবাম দুলিতেছে। কখন সুবের তরঙ্গে সমস্ত ঘব ভবিয়া গিযাছে, মা জানিতে পাবেন নাই। কখন তিনি সেই শব্দ-তরঙ্গের মধ্যে তলাইয়া গিয়াছেন, তিনি তাহাও জানিতে পারেন নাই।

বহুদূবে তাঁহাব মন চলিয়া গিয়াছিল। অন্ধকার অতীতের গহ্বর হইতে বহুদিনেব ভুলিয়া-যাওয়া অন্যায় অত্যাচাব আব অবিচাবেব স্মৃতি তাঁহার মনে জাগিয়া উঠিতেছিল।

—একবার তাঁহার স্বামী গভীব বাত্রে পরিপূর্ণ মাতাল হইয়া বাড়ী

—সে দেখা যাবে তখন !

সেই ছোট্ট দলটীর সকলের উপর একবাব চোখ বুলাইয়া লইয়া রাইবিন ইচ্ছা করিয়া গম্ভীর ভঙ্গীতে তাহাদেব সকলকে ডাকিয়া বলিয়া উঠিল, শোন, ছোকরার দল !

তারপর মার দিকে আঙ্গুল দেখাইয়া বলিল, এই যে তোমাদেব সামনে দাঁড়িযে আছেন—এই বৃদ্ধা নাবী—হয়ত এতক্ষণে এঁর ছেলে সাবাড় হয়ে গিয়েছে—

সহসা সেই কথা শুনিয়া মা করুণ ব্যথিত কণ্ঠে বলিযা উঠিলেন, কেন তুমি ও কথা বলছো ?

নিষ্করুণ ভাবে রাইবিন বলিল, তার প্রয়োজন আছে ! বৃথাই তোমার মাথাব চুল শাদা হয়ে যাবে, বৃথাই তোমাব বুক চুঁয়ে রক্ত ঝরবে ? শোন ছোকরারা, যা বলছিলাম—এই নারী—নিজের ছেলেকে হারিয়েছে। কিন্তু তাতে এঁর কি হয়েছে ? আপনি বইগুলো নিয়ে এসেছেন ?

রাইবিনের মুখের দিকে কিছুক্ষণ চাহিয়া থাকিবাব পর মা বলিলেন, হাঁ, এনেছি।

সামনের কাঠের টেবিলে জোর কবিয়া হাতের চাপড় দিয়া রাইবিন বলিয়া উঠিল, আপনাকে দেখেই আমি তা বুঝেছিলাম ! আমি জানি, শুধু এরই জন্যে আপনি এত দীর্ঘ পথ হেঁটে এসেছেন। কেমন, না ?

তারপর ভ্রূ-কুঞ্চিত করিয়া আর একবার সেই ছোট্ট দলটীর সকলের মুখ ভাল করিয়া দেখিয়া লইয়া রাইবিন পরমোল্লাসে বলিয়া চলিল, দেখছো, ছেলেকে তারা সরিয়ে নিলো কিন্তু মা এসে দাঁড়ালো সেই যায়গায় !

সহসা উত্তেজিত হইয়া একটা ভয়ঙ্কর শপথ করিয়া রাইবিন বলিয়া

মবতে চলেছি। দশ বছর আগে আমাব এই কাঁধে আমি অনায়াসে পাঁচশো পাউণ্ড ভার তুলে নিয়ে বইতে পারতাম। তখন ভাবতাম, এমনি শক্তি নিয়ে সত্তব বছব পর্য্যন্ত এগিযে চলবো—কিন্তু মাত্র এই দশ বছব চলে, আজ আব চলতে পাবছি না। তাবা সব লুট কবে নিয়েছে—আমাব জীবন থেকে চল্লিশটা বছব তাবা লুঠ কবে নিয়েছে—

বাইবিন গম্ভীব ভাবে বলিল, এই হলো ওব একমাত্র কথা।

উত্তেজিত হইযা সেভেলি বলিযা উঠিল, এ আমাব কথা নয়। হাজাব হাজাব লোকেব এই কথা। তাদেব সঙ্গে আমার তফাৎ শুধু এই তাদেব কথা তারা শুধু তাদেব মধ্যেই আটকে বেখেছে। তারা জানে না তাদেব কথা দিযে তাবা কি মহাদীক্ষা এই পৃথিবীকে দিযে যেতে পাবে। উদয়াস্ত খেটে হাজাবে হাজাবে মানুষ আজ হীন, পঙ্গু, অথর্ব্ব, ক্ষুধার্ত্ত, ক্লান্ত হয়ে মৃত্যুব গহ্বরের মধ্যে এগিয়ে চলেছে। সে কথা চেঁচিযে বলতে হবে—সকলকে ডেকে চেঁচিয়ে সে কথা জানিয়ে দিতে হবে।

এফিম বলিয়া উঠিল, তা কেন? আমার দুঃখ-কষ্ট সে আমাব একলার ব্যাপার। সব নিয়ে এই তো আমি বেশ আনন্দে আছি।

তাহাকে ভৎ'সনা করিয়া রাইবিন বলিল, চুপ্ করো, ওকে বলতে দাও!

এফিম ভ্রূকুঞ্চিত করিয়া বলিল, তুমিই তো বলো যে নিজের দুঃখ নিয়ে বড়াই করতে নেই!

গম্ভীরভাবে রাইবিন প্রত্যুত্তব দিল, সে আলাদা কথা। সেভেলির দুঃখ তার একার দুঃখ নয়। সে মাটির তলায় নেমে দেখেছে—সেখানে

কোনও রকমে অন্তরের শঙ্কা লুকাইয়া রখিয়া মা পাশের একজন কৃষককে জিজ্ঞাসা করিলেন, কি হয়েছে কি ?

লোকটা বিরক্ত হইয়া বলিয়া উঠিল, যা হচ্ছে দেখতেই পাচ্ছ! বলিযাই লোকটা চলিয়া গেল।

ভিড়ের মধ্য হইতে একটি স্ত্রীলোক চেঁচাইয়া উঠিল, ও বাবা! চোবটাব চেহারা কি ভয়ানক! উঃ!

সহসা বাইবিনেব গম্ভীব কণ্ঠ শোনা গেল—তোমরা শোন—আমি চোর নই! আমি চুরি কবি না! আমি পরের জিনিসে আগুন জ্বালিয়ে দিই না। আমার অপবাধ, আমি অন্যায়ের প্রতিবাদ করে ছিলাম—তাই এরা আমাকে ধরে নিয়ে এসেছে। যে-সমস্ত বইএ তোমাদের মত কৃষকেব জীবনের সমস্ত সত্যি কথা লেখা থাকে—সে সব বইএর জন্যেই আজ আমার হাত এই রকম করে বাঁধা। আমিই গ্রামে গ্রামে সেই সব বই বিলি করে বেড়িয়েছি!

রাইবিনকে ঘিবিয়া জনতা আরও সঙ্ঘবদ্ধ হইল। তাহার ভয়লেশহীন কণ্ঠস্বর মার দুর্ব্বলতাকে দূর করিয়া দিল। জনতার প্রত্যেকের মুখের দিকে মা ভাল করিয়া চাহিয়া দেখিলেন। স্পষ্ট দেখিলেন, তাহারা সকলেই শঙ্কিত, সন্দিগ্ধ!

সহসা আবার রাইবিনের কণ্ঠস্বর শোনা গেল। সে বলিতেছে—তোমাদের মত আমিও একজন কৃষক। আমার কথা বিশ্বাস কর—সেই সমস্ত বইএ যে-সব কথা লেখা থাকে তার প্রত্যেকটী অক্ষর সত্যি! আর জেনো—সেই সত্য প্রচারের জন্যে হয়ত আমাকে জীবন দিতে হলো। ওরা আমাকে ধরে নিয়ে গিয়ে মেরেছে—নির্ম্মম নির্দ্দয় ভাবে এবং আরও মারবে—যতক্ষণ না জানতে পারবে কোথা থেকে

কখন এই ব্যাপাব ঘটবে। তখন তাবা ইচ্ছা কবে জেলেব মধ্যে একটা গণ্ডগোল তৈবী কববে। গণ্ডগোলেব মধ্যে তাবা তুজনে দড়িব মই বেযে সবে পডবে। তাবপব তো আমবা আছিই। মনে বাখবেন, দিনেব বেলা এ কাণ্ডটা ঘটাতে হবে। দিনেব বেলা জেল থেকে কযেদী পালাবে, একথা কেউ সন্দেহ কবতে পাববে না।

—এ তো বিশেষ কঠিন বলে মনে হচ্ছে না।

—না, কঠিন মোটেই নয। আমি দডিব মই, হুক, এবং ল্যাম্প-পবিষ্কাব-কবা লোক সব তৈবী ববে বেখেছি। আমি যাঁব আশ্রযে আছি এই বুডো—এই বুডো যাবে মই ঘাডে কবে।

বাহিবে ভাবি পাযেব শব্দ এবং সেই সঙ্গে কাশিব শব্দ শোনা গেল। নিকোলে বলিয়া উঠিল, ভতটা আসছে।

দবজা খুলিতেই টব মাথায় একটী বৃদ্ধ লোক ঘবেব ভিতব আসিযা নবাগত লোক দেখিযা অভিনন্দন কবিল।

—ঐ ওকে জিজ্ঞেসা কব তুমি, মা।

বৃদ্ধ রুক্ষস্বরে বলিযা উঠিল, আমাকে? আমাকে আবাব কি জিজ্ঞাসা কববে?

—সেই জেল থেকে ওদেব বাব কবে আনার কথা।

—ওঃ।

নিকোলে তাহাকে পরখ কবিয়া দেখিবার জন্য বলিল, ইয়াকুব, এই সহজ ব্যাপার ইনি সম্ভব বলে বিশ্বাস করেন না।

—হুঃ। বিশ্বাস করেন না মানে বিশ্বাস করতে চান না। তুমি আর আমি বিশ্বাস কবতে চাই আমরা বিশ্বাস কবি। এতো সোজা কথা—হাঙ্গামা কোথায় এর মধ্যে?

প্রয়োজন হয ছাডাছাড়ির, ক্ষতি কি, বন্ধুব মত তাকে দেবো মুক্তি!

হঠাৎ আইভানোভিচ এক রকম ছুটিতে ছুটিতে আসিয়া উপস্থিত হইল। পরিশ্রান্ত, ব্যস্ত। বলিযা উঠিল—

—শাশাঙ্কা, যতদিন সুস্থ আছো, এখানে আব এসো না! শিগ্‌গিবই এখান থেকে বেবিযে পডো—আমাব মনে হচ্ছে আজই আমাকে এখানে গ্রেফতাব করবে। দুটো চব পেছনে পেছনে ঘুবে বেডাচ্ছে। আমি গন্ধে বুঝতে প বি, এ বিষযে আব কোনও সন্দেহ নেই। হাঁ, আব একটা কথা! এই নাও পাভেলেব বক্তৃতাটা—এটা গিযে লুডমিলাকে দেবে—শিগ্‌গিবই যেন ছাপিযে ফেলে। আব দেখো মা, তোমাকেও এ জাযগা ছাডতে হবে। আজ বাত্রে তোমাব এখানে থাকা চলবে না। তোমাকেও গ্রেফতাব কবতে পাবে। ধবা পড়লে কাগজ বিলি করবে কে?

আইভানোভিচ একান্ত ব্যস্ত হইযা পডিযাছিল। তাহাকে এখনি যেন সকল কিছু ছাড়িযা চলিয়া যাইতে হইবে—অথচ কোথাও কিছুই যেন গুছান হয নাই।

মা বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিলেন, আমাকে কেন ধরবে? তোর হয়ত ভুল হয়েছে ভাবতে—

—এবিষয়ে আমাব ভুল হয না। তুমি লুডমিলাব কাছে যাও—তাব অনেক কাজে লাগতে পারবে তুমি। পাঁশ স্পর্শ থেকে যত দূরে থাকতে পার, ততই ভালো!

বেশ, তাই হবে!

সেই রকম ব্যস্ত হইয়াই আইভানোভিচ বলিল, যাও, কিন্তু একটা

কথা মনে রেখো। কাল লুডমিলার কাছে যে ছেলেটা থাকে তাকে এই বাড়ীর সামনে যে মুটেটা বসে থাককে তার কাছে আমার খবরের জন্যে পাঠাবে। লোকটা বড় ভাল—আমার একজন বিশেষ বন্ধু। আচ্ছা তোমরা এখন বিদায় হও। দেরী করা আর ভালো নয়।

পথে বাহির হইয়া শাশাঙ্কা মাব কানে কানে বলিল, ঠিক এই রকম সহজভাবেই ও মৃত্যুকেও বরণ করে নিতে পারে। যখন মৃত্যু ওর দরজায় আসবে, তখন ঠিক এই রকম একটু তাড়াহুড়ো করবে—তারপর দরজা খুলে—সে সামনে এসে যখন দাঁড়াবে, চসমাটা একবার ঠিক করে নিয়ে শুধু বলবে, চমৎকার! চলো! তারপর চির-নিদ্রায় ঘুমিয়ে পড়বে।

কিছু দূব অগ্রসব হইয়া শাশাঙ্কা বিদায় গ্রহণ করিল। যাইবার সময় বলিয়া গেল—যদি দেখেন লুডমিলাব দরজাতেও গুপ্তচর ঘুরছে—তাহলে ওখানে না গিযে সোজা আমার কাছে চ'লে আসবেন।

—সে আমি জানি।

কয়েক মিনিট পরে মা লুডমিলার ছোট্ট ঠাণ্ডা ঘরটাতে বসিয়া আছেন। ঘরের মধ্যে বসিয়া মা ভাবিতে চেষ্টা করিতেছিলেন ইহার মধ্যে কোন্‌খানে ছাপা হয়। রাস্তার দিকে তিনটা জানালা। ঘরের মধ্যে একটা সোফা। বইএর সেল্‌ফ। দেওয়ালে ফটোগ্রাফ আর ছবি। মার বেশ মনে হইতেছিল, কোথায় যেন কি লুকান আছে। কোথায় যেন গোপন পথ আছে, অথচ কোথায় যে তাহা থাকা সম্ভব তাহা মা বুঝিয়া উঠিতে পারিতেছিলেন না।

লুডমিলার গম্ভীর কঠোর মূর্ত্তি দেখিলেই মা বিব্রত হইয়া পড়িতেন।

ছেলেব সম্বন্ধে আপনাকে কিছু বলতে চাই না! তাব সঙ্গে আমার আজও পর্য্যন্ত কখনও চাক্ষুব পবিচয নেই। কিন্তু তবুও আমি জানি, আপনাব ছেলে এক অপূর্ব্ব মানুষ। বযস তার অল্প বটে কিন্তু মহাপুরুষেব প্রাণ আছে তাব দেহে। ও বকম ছেলেব মা হওয়া ভালো বটে কিন্তু বড ভযানক।

সোজা লুডমিলাব মুখেব দিকে চাহিযা বলিলেন, ভয়ানক আব কিছু নেই! এখন সবই ভালো।

লুডমিলা হাত দিযা অতি স্নেহে মার চুল আঁচডাইয়া দিতে লাগিল। মা দেখিলেন, একটা প্রাণ-ভবা আনন্দেব বন্যাকে সে মুখে-চোখে বন্দী কবিয়া বাখিযাছে।

মৃদু হাসিযা সে বলিল, তাহলে ছাপার ব্যাপারে আপনি আমাকে সাহায্য করছেন?

—নিশ্চয়ই!

—আচ্ছা, আপনি একটু ঘুমিয়ে নিন্। আমি ততক্ষণে এটা কম্পোজ করে দেখি। আমি তো আর আজ রাত্তিরে ঘুমোবো না। যদি দরকার দেখি, আপনাকে ঘুম থেকে তুলবো'খন। শোবার সময় আলোটা নিভিয়ে শোবেন।

সামনের অগ্নিকুণ্ডে দুখানা কাঠ দিয়া তাহারই পাশের দেয়ালে একটা ছোট্ট দরজা খুলিয়া সে অদৃশ্য হইয়া গেল। সেই দিকে চাহিয়া মা আপনার মনে বলিয়া উঠিলেন—বাইরে থেকে কি কঠিন মেয়ে কিন্তু ভেতরটা ওরও জ্বলছে। এত চেষ্টা করেও তা লুকোতে পারে না। প্রত্যেকেই ভালবাসে, ভালবাসতে চায়। ভাল যদি না বাসো, জীবনে তবে কি দরকার!

